হুমায়ুন মুস্তফি

# সফটওয়্যার সুইট ঃ একের ভিতর বহু

বিশ্বব্যাপী হার্ডওয়্যারের মূল্যহ্রাস যুদ্ধের সাথে এবার শুরু হয়েছে সফটওয়্যার মূল্যহ্রাস যুদ্ধ। যদিও মূল্যহ্রাসের তথা বাজার দখলের যুদ্ধ, তবু সফটওয়্যার কোম্পানীগুলো এ ক্ষেত্রে আশ্রয় নিয়েছে একটা নতুন পদ্ধতির। বাঘা বাঘা কোম্পানীগুলো তাদের প্যাকেজগুলো একত্র করে সুইট হিসেবে বিক্রি করছে অপেক্ষাকৃত কমদামে। এতে করে ক্রেতা সহজেই একগুচ্ছ সফটওয়্যার– ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশীট, ডাটাবেজ এবং প্রেজেণ্টেশন গ্রাফিকস প্রোগ্রাম সম্বলিত সুইট পেয়ে যাচ্ছেন প্রায় অর্ধেক দামে।

একসাথে প্যাকেজগুলো পাওয়ায় এপ্লিকেশন এনভায়রনমেণ্ট ও পরিবর্তিত হয়ে যাচ্ছে। আগে ডাটাগুলো শুধুমাত্র তার নিজস্ব এপ্লিকেশন এর অংশ বলে গণ্য হতো, কিন্তু সুইট-এ সবগুলো প্রোগ্রাম স্বচ্ছন্দে কাজ করে থাকে এবং ডাটাসমূহ ইচ্ছেমতো যে কোন এপ্লিকেশনে ব্যবহার করা যায়।

এপ্লিকেশন সুইট এর প্রধান সুবিধা যদিও এর কম দাম, তবু এর মূল ফিচার হলো সমাকলন বা ইন্টিগ্রেশন– এমন একটা ধারনা যাতে একগুচ্ছ এপ্লিকেশন হতে অধিকতর সুবিধা অর্জন করা–ঐ সব এপ্লিকেশন হতে এককভাবে প্রাপ্ত সুবিধার তুলনায়। আর এই লক্ষ্য অর্জনের জন্যে যদিও নির্মাতারা ভিন্ন ভিন্ন পথে অগ্রসর হয়েছেন, তবু তাদের মূল নীতি বা সূত্রগুলো অভিন্ন। যেমন– অবাধ উপাত্ত বিনিময়, ইণ্টারফেস কনজিস্টেন্সি এবং দ্রুততার সাথে ইণ্টার-এপ্লিকেশন এক্সেস (access)। পৃথিবীর সেরা সফটওয়্যার কোম্পানীগুলোর সবাই মাল্টি প্যাকেজ / এপ্লিকেশন সুইট নিয়ে বাজারে প্রবেশ করেছে। এর মধ্যে বোরল্যান্ড / ওয়ার্ডপারফেক্ট এর সুইট বোরল্যান্ড অফিস, লোটাস এর এর স্মার্টসুইট, আর মাইক্রোসফ্ট এর মাইক্রোসফট অফিস উল্লেখযোগ্য। বাড়তি সুবিধা এবং স্বল্পমূল্যের সুবাদে সুইটগুলো শুরুতেই চমৎকার বাজার পায় আর ক্রমেই তাদের বাজার সম্প্রসারিত হচ্ছে। নিচে সুইটগুলোর সংক্ষিপ্ত পরিচিতি দেয়া হল ঃ

### বোরল্যান্ড অফিস ফর উইন্ডোজ ঃ

বোরল্যান্ড উইন্ডোজ ২.০তে চালানোর জন্য বোরল্যান্ড অফিস নামে যে সুইট বাজারে ছেড়েছে তা তাদের সর্বশেষ ভার্সনের অনুরূপ এপ্লিকেশন সমন্বয়ে গঠিত, কিন্তু এতে এপ্লিকেশনগুলো আরো সুবিন্যস্ত। সুইটটিতে যে সব এপ্লিকেশন রয়েছে তা হল– ওয়ার্ড পারফেক্ট 6.0 উইন্ডোজ (ওয়ার্ড প্রসেসর), কোয়াট্রো প্রো, ভার্সন 5.0 ওয়ার্কগ্রুপ এডিশন (স্প্রেডশীট) এবং প্যারাডক্স ভার্সন 4.5 ওয়ার্কগ্রুপ এডিশন (ডাটাবেজ)। আলাদা প্যাকেজ হিসেবে তিনটেই স্ব স্ব ক্ষেত্রে শক্তিশালীরূপে বিবেচিত। প্রত্যেকের চমৎকার ফিচার বিদ্যমান। কিন্তু সাম্প্রতিক সুইট ভার্সনে বোরল্যান্ড এতে একটা নতুন মাত্রা যোগ করতে সমর্থ হয়েছেন। অধিকতর সুসংহত ইণ্টারফেস এবং ডেস্কটপ এপ্লিকেশন্স ডাইরেক্টর নামক একটি সহায়ক ফিচার সংযোজন এর প্রধান বৈশিষ্ট্য। ডেস্কটপ এপ্লিকেশন ডাইরেক্টর এর মাধ্যমে বহুবিধ এপ্লিকেশনে প্রবেশ করা, কিংবা সংযোগ রক্ষা করা বা বিনিময় (উপাত্ত) সহজতর হয়েছে। যদিও সুইটটিতে কোন স্বয়ংসম্পূর্ণ প্রেজেণ্টেশন গ্রাফিকস প্যাকেজ নেই, তবু ওয়ার্ড পারফেক্ট ও কোয়াট্রো প্রো দু'টোই চমৎকার চার্ট তৈরিতে পারঙ্গম। বোরল্যান্ড অফিস-এর নব্যতম সাফল্য হল এতে অন্তর্ভূক্ত তিনটে এপ্লিকেশনই উপাত্তসমূহ শেয়ার করতে সক্ষম। অবজেক্ট এক্সচেঞ্জ (OBEX) টেকনোলজী ব্যবহার করে বোরল্যান্ড এই ধরনের পাবলিশ-এন্ড-সাবস্ক্রাইব সিস্টেম যা ল্যান এবং ই-মেইল সিস্টেমে কাজ করে। এটা অনেকটা উইন্ডোজ DDE এর মাল্টি ইউজার্স ভার্সনের ন্যায় যাতে রয়েছে ওয়ার্ক গ্রুপ ডেস্কটপ নামক একটি নিজস্ব ফ্রেন্ডলী ইণ্টারফেস।

### লোটাস স্মার্টসুইট ফর উইন্ডোজ ঃ

সুইটভিত্তিক সফটওয়্যার মার্কেটে বোরল্যান্ডের প্রধান প্রতিদ্বন্দ্বী লোটাস। উইন্ডোজ ২.০র জন্য বাজারে এসেছে লোটাস স্মার্টসুইট। এতে অন্তর্ভূক্ত এপ্লিকেশনগুলো হল জনপ্রিয় স্প্রেডশীট প্যাকেজ লোটাস ১-২-৩ রিলিজ ৪, উইন্ডোজ ভার্সন, ওয়ার্ড প্রসেসর প্যাকেজ এমি প্রো, প্রেজেন্টেশনস গ্রাফিক্স প্যাকেজ ফ্রিল্যান্স গ্রাফিক্স, পারসোনাল ইনফরমেশন ম্যানেজার প্যাকেজ লোটাস অরগাইজার ও সিসিঃ মেইল। বাজারে প্রাপ্ত সুইটগুলোর মধ্যে লোটাসের স্মার্টসুইট ব্যবহারকারীদের জন্য সবচে' বেশী এপ্লিকেশন সমৃদ্ধ। এতে উল্লেখযোগ্য ইণ্টারফেস কনজিস্টেন্সি বিদ্যমান। 'স্মার্টিকন' এপ্লিকেশনগুলোর মধ্যে স্ট্যান্ডার্ড ফিচার হিসেবে কাজ করে। এপ্লিকেশনগুলো একটা কমন স্ট্যাটাস বার শেয়ার করে থাকে, ফলে যে কোন এপ্লেকেশন/ফাইলে সহজে ঢোকা যায়। বহু-ব্যবহারকারীদের সুবিধার্থে, লোটাস নোটস এর সাথে যুক্ত হয়ে লোটাস তার একগুচ্ছ ওয়ার্কগ্রুপ ইন্টিগ্রেশন এর উপর জোর দিয়েছে। এর একটা ফিচার– নোটস এপ্লিকেশন ফিল্ড এক্সচেঞ্জ এর সুবিধা হলো–সুইটস্থিত এমবেডেড অবজেক্ট এর নোটস ফিল্ডের লিংকিং বা সংযোগসাধন এবং স্মার্টসুইট কিংবা নোটস হতে ফিল্ড আপডেট করা। সর্বোপরি এটাই বলা যায় যে, এপ্লিকেশন ইনটিগ্রেশনের ক্ষেত্রে লোটাস শীর্ষস্থান এর অধিকারী।

### মাইক্রোসফট অফিস ফর উইন্ডোজ ঃ

শীর্ষস্থানীয় সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান মাইক্রোসফট এর সুইটটি মাইক্রোসফট অফিস নামে বাজারজাত করা হয়েছে। উইন্ডোজ ২.০ জন্য নির্মিত সুইটটি দুভাবে পাওয়া যাচ্ছে। মাইক্রোসফট অফিস-স্ট্যান্ডার্ড ভার্সন এবং প্রফেসনাল ভার্সন। স্ট্যান্ডার্ড ভার্সনে কোন ডাটা বেজ প্যাকেজ নেই। আর প্রফেশনাল ভার্সনে অন্যান্য প্যাকেজের সাথে ডাটাবেজ প্যাকেজও অন্তর্ভূক্ত। (এ সম্পর্কিত বিস্তারিত তথ্য না পাওয়ায় মাইক্রোসফট অফিস বিষয়ে বিস্তারিত জানানো সম্ভব হলো না।)

বোরল্যান্ড ও লোটাস কর্তৃক বাজারজাতকৃত সুইটগুলোর মধ্যে বেশ সাদৃশ্য-বৈসাদৃশ্য, সুবিধা-অসুবিধার উপর সংক্ষিপ্ত ও তুলনামূলক আলোকপাত করা হলো।

### ওয়ার্ড প্রসেসিং ঃ

ওয়ার্ড প্রসেসিং এপ্লিকেশনগুলোর মধ্যে ডসভিত্তিক ওয়ার্ড পারফেক্ট সম্ভবত সবচে জনপ্রিয়। উইন্ডোজ ২.০ ভিত্তিক ওয়ার্ড প্রসেসর ওয়ার্ড পারফেক্ট ৬.০তে আর ব্যত্যয় ঘটেনি। বাজারে প্রচলিত অন্যান্য প্যাকেজের তুলনায় এটা অনেক বেশি বিল্ট-ইন ফিচার সমৃদ্ধ ওয়ার্ড প্রসেসর। এর গ্রাফিক্স এর কাজগুলো বেশ দৃষ্টি নন্দন আর টেবল ফিচারটাও সত্যিকারের বিল্ট-ইন স্প্রেডশীট। এর ইণ্টারফেসগুলো হয়তো খুব একটা আকর্ষণীয় নয়, কিন্তু বৃহদাকার টেক্সট এর উপর এর যে নিয়ন্ত্রণ তার জুড়ি মেলা ভার।

অন্য দিকে লোটাস এর এমি প্রো'র ডিজাইন করা হয়েছে টেক্সট ও গ্রাফিক্স'র মধ্যে সমন্বয় করার ভাবনা মাথায় রেখে। আর নিঃসন্দেহে লোটাস এ ক্ষেত্রে সাফল্যের দাবীদার। টেক্সট এর উপাদানগুলোর মতো অতি সহজেই এমি প্রো তে টেবল এবং গ্রাফিক্সকে সুবিধামতো ব্যবহার / পরিবর্তন বা পরিচালনা করা যায়। অধিকন্তু এতে রয়েছে একসেট শক্তিশালী ম্যাক্রো যার দ্বারা স্মার্টসুইট এর অন্যান্য প্যাকেজের সাথে সহজে উপাত্ত বিনিময় সম্ভব।

### স্প্রেডশীট ঃ

ওয়ার্ড প্রসেসিং এ যেমন ওয়ার্ড পারফেক্ট, তেমনি স্প্রেডশীট বলতেই আমাদের চোখের সামনে প্রথমেই ভেসে উঠে লোটাস ১-২-৩ প্যাকেজের নাম (ডসভিত্তিক)। কিন্তু উইন্ডোজ ২.০'র জন্য স্প্রেডশীট বোরল্যান্ড কোয়াট্রো প্রো কিংবা লোটাসের লোটাস ১-২-৩. প্রত্যেকেই এখন পূর্ণতা অর্জন করেছে ধাপে ধাপে এবং সমান তালে। দুটোরই রয়েছে স্বকীয় বৈশিষ্ট্য যা ব্যবহারকারীকে দিচ্ছে চমকপ্রদ কিছু সুবিধা যা অন্যটিতে অনুপস্থিত।

যেমন বোরল্যান্ড কোয়াট্রো প্রো তে রয়েছে বেলুন হেল্প সিস্টেম (Ballon help System) এবং এক সেট 'এক্সপার্ট, যা ব্যবহারকারীকে পদে পদে সহায়তা করবে–ফলে এটা শেখা খুবই সহজ। স্প্রেডশীট উপাত্তকে ত্রিমাত্রিক বিশ্লেষণ এবং ডাটাবেস তথ্যকে গতিময় স্প্রেডশীট টেবিলে রূপান্তরিত করণের অবাধ স্বাধীনতা প্যাকেজটির সেরা উপহার।

লোটাস ১-২-৩ রিলিজ ৪.০১ এর মাধ্যমে লোটাস কোম্পানী, উইন্ডোজ ভিত্তিক স্প্রেডশীট এর ক্ষেত্রে তার প্রতিদ্বন্দ্বীর সাথে ব্যবধান হ্রাস করার প্রয়াস করেছেন। এতে সংযোজন করা হয়েছে পূর্ণগঠিত উঁচুমানের ইউজার্স ইণ্টারফেস। আর এটাই একমাত্র স্প্রেডশীট প্যাকেট যা এর ডস

ভার্সনে কৃত মাইক্রোড্রাইভেন এপ্লিকেশনের সাথে পুরোপুরি কম্প্যাটিবল।

ডাটাবেস ঃ

লোটাস স্মার্টসুইট থেকে ডাটাবেজ এপ্লিকেশন বাদ দিয়েছিল। কিন্তু সাম্প্রতিক ভার্সনে লোটাস ইমপ্রুভ নামক একটা ডাটাবেজ টুল সংযোজন করেছে।

বোরল্যান্ডের ডাটবেজ প্রোগ্রাম প্যারাডক্স খুবই শক্তিশালী সফটওয়্যার, সম্ভবত: জনপ্রিয় ডাটাবেজ এপ্লিকেশনগুলোর মধ্যে এটাই সেরা পন্য। এর সুবিধা হল (ইউজার্স ফ্রেন্ডলী ইন্টারফেস সম্বলিত) বিপুল পরিমাণ উপাত্ত নিয়ন্ত্রণ করার সামর্থ্য। আর প্রোগ্রামিং করার জন্য এতে PAL নামক একটি হেভী-ডিউটি প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ। তাছাড়া ডাটা ও ইউজার্স ইন্টারফেস এলিমেন্ট দুটোর জন্যে অবজেক্ট ওরিয়েন্টেশন সুবিধা বিদ্যমান। আর ডাটাবেজ নেভিগেশন এবং ইউজার্স ইন্টারফেস ডিজাইন দুটোই খুব সহজ।

প্রেজেন্টেশন গ্রাফিক্স ঃ

বোরল্যান্ড অফিস ফর উইন্ডোজ ২.০ সুইটটির অন্যতম দুর্বলতা হলো এতে কোন প্রেজেন্টেশন প্রোগ্রাম নেই। যদিও কোয়াট্রো প্রোতে প্রেজেন্টেশন মেটেরিয়েল তৈরী করার জন্য বিভিন্ন টুল বিদ্যমান। তথাপি লোটাসের ফিল্যান্স গ্রাফিক্সের মতো স্বাচ্ছন্দ্য ও বহুমুখী ব্যবহারের সুবিধা কোয়াট্রো প্রোতে অনুপস্থিত। ডাটা ম্যানিউপুলেট করার ক্ষেত্রে কোয়াট্রো প্রো সুবিধাজনক-এটাই এপ্লিকেশনটির প্লাস পয়েন্ট।

শেখা ও ব্যবহার করার সহজতম প্রেজেন্টশন প্যাকেজ হিশেবে ফ্রিল্যান্স গ্রাফিক্স খ্যাতি অর্জন করেছে। তাছাড়া এটি খ্যাত এর নতুন ইউজার্স ইন্টারফেস এবং সহজ ও জটিলতাহীন প্রেজেন্টেশন জেনারেট করার জন্যে আর এ বিষয়ে ফ্রিল্যান্স গ্রাফিক্স অতুলনীয়।

পারসোনাল ইনফরমেশন ম্যানেজার ঃ

স্মার্টসুইটই একমাত্র সুইট যাতে একটি পারসোনাল ইনফরমেশন ম্যানেজার অর্ন্তভূক্ত। অনেকটা অন-স্ক্রীন বই এর মতো, সেকশন ট্যাব সংযুক্ত এর পৃষ্ঠাগুলো দেখেলে মনে হবে যেন উল্টানো হচ্ছে– সব মিলে প্যাকেজটি নান্দনিক মাত্রা লাভ করেছে। এটি ব্যবহারও সহজ এবং সুন্দর ফিচার সমৃদ্ধ।

এতে রয়েছে এপয়েন্টমেন্ট ক্যালেণ্ডার, প্ল্যানার, এড্রেস বুক, নোটপ্যাড এবং রিমাইণ্ডার সার্ভিসের সুবিদা। সিসিঃ মেইলের সাথে যুক্ত হয়ে এটি গ্রুপ সিডিউলারের ভূমিকাও পালন করতে পারে যার মাধ্যমে ক্যালেণ্ডারের তথ্যাদি গ্রহণ ও প্রেরণ করা যায়। এপ্লিকেশনটির নাম অরগানাইজার।

কে কোন সুইট ব্যবহারের সে সিদ্ধান্তে পৌঁছার আগে জেনে নিন হার্ডওয়্যারের কনফিগারেশন কোন সুইট চালাতে কোন মেশিন, কত র‍্যাম, কত ডিস্ক স্পেস প্রয়োজন হবে।

বোরল্যান্ড অফিস এর জন্য লাগবে ঃ কমপক্ষে ৩৮৬ মেশিন, 4MB র‍্যাম, উইন্ডোজ 3.1, হার্ডডিস্ক স্পেস 16MB (কমপক্ষে) হতে 80 MB (পূর্ণ ইনস্টলেশন)।

লোটাস স্মার্টসুইট এর জন্য ঃ কমপক্ষে 386 মেশিন, 4MB র‍্যাম, উইণ্ডোজ 3.1, EGA/+ মনিটর, মাউজ, হার্ডডিস্ক স্পেস 26 MB (কমপক্ষে) হতে 62MB (পূর্ণ ইনস্টলেশন)। ❁

## নিয়মিত কমপিউটার জগৎ পেতে চান?

কমপিউটার জগৎ-এর গ্রাহক হোন। কমপিউটার জগৎ আপনার হাতের মুঠোয় থাকলে কমপিউটারের সমগ্র জগতটাকে আপনি জানতে পারবেন। গ্রাহক হাবার জন্য বার্ষিক (রেজিষ্ট্রি ডাকে) দুইশত টাকা, ষন্মাষিক (রেজিষ্ট্রি ডাকে) একশত দশ টাকা, চেক (ঢাকার বাইরে চেক গ্রহণযোগ্য নয়), মানি অর্ডার বা ব্যাংক ড্রাফট-এ 'কমপিউটার জগৎ' নামে ১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা-১২০৫ এই ঠিকানায় পাঠাতে হবে। এক বছরের গ্রাহকগণ কমপিউটার জগৎ প্রকাশনার বইসমূহ থেকে পছন্দ মত ১টি বই বিনামূল্যে পাবেন।

## পাঠকের প্রতি

কমপিউটার বিষয়ক আপনার যে-কোন লেখা, চমকপ্রদ অভিজ্ঞতা, আইডিয়া, সফটওয়্যার টিপস্, মতামত বা পুস্তক সমালোচনা লিখে পাঠালে আমরা তা কমপিউটার জগৎ-এ প্রকাশ করতে পারলে আনন্দিত হবো। ছাপানো লেখার জন্য লেখকদের যথাযথ সম্মানী দেয়া হয়। আপনাদের সহযোগিতা আমাদের কাম্য।


A Range of Configurations To Serve You Better

MEET US AT
COMTEQ' 94
Booth B-16,
Dhaka Sheraton Hotel




For any Computer accessories please contact with us.

The Best In Quality, The Best In Performance & The Best In value For Your Investment

| Configurtion | DIGITEK 486DX/33 | DIGITEK 486SX-25 | DIGITEK 386DX-40 | DIGITEK386SX- 33 |
|---|---|---|---|---|
| Processor | 80486DX | 80486SX | 80386DX | 80386SX |
| Speed | 33 MHZ | 25 MHz | 40 MHZ | 33 MHz |
| Ram | 4 MB | 4 MB | 2 MB | 2 MB |
| Cache Memory | 256 K | 256 K | 128 KB | Nil |
| Hard Disk | 210 MB | 210 MB | 210 MB | 210 MB |
| FDD | 1.44 MB | 1. 2 MB | 1.2 MB & 1.44 MB | 1.2 MB& 1.44 MB |
| Casing | Super Mini Tower | Super Mini Tower | Super Mini Tower | Super Mini Tower |
| With VGA Mono Monitor | Tk. 62,000/- | Tk. 60,000/- | Tk. 52,000/- | Tk. 44,000/- |
| With SVGA Color Monitor | Tk. 70,000/- | Tk. 68,000/- | Tk. 59,000/- | Tk.. 51,000/ |

Sole Distributor :

IPSHEETA TRADE

78, Kazi Nazrul Islam Avenue
( 3rd Floor of Sonali Bank Building),
Farmgate, Dhaka - 1215
Tel : 817564, 310140 Fax : 880-2-817564

COMPLETE SYSTEM IMPORTED